

শেখ হাসিনার  
দিনবদলে,  
সমাজসেবা এগিয়ে  
চলে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
উপজেলা সমাজসেবা কার্যালয়, চিতলমারী,  
বাগেরহাট



নম্বর ৪১.০১.০১১৪.০০০.১৬.০০৩.২০.৬০

তারিখ ২৩ ফাল্গুন ১৪২৬

০৭ মার্চ ২০২০

### বিজ্ঞপ্তি/নোটিশ

এতদ্বারা চিতলমারী উপজেলাধীন বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগীদের জানানো যাচ্ছে যে, “অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ” প্রকল্পের আওতায় আবাসন বরাদ্দের জন্য চিতলমারী উপজেলাধীন বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগী অসচ্ছল জীবিত বীর মুক্তিযোদ্ধা, শহীদ/প্রয়াত মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী/ সন্তান ও পিতা/মাতা এর নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র সংগ্রহ ও পূরণ করে আগামী ১৫/০৩/২০২০খ্রি: তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়, চিতলমারী, বাগেরহাট এ জমা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বর্ণিত তারিখের পরে কোন আবেদন ফরম বিতরণ ও জমা নেয়া হবেনা।

শর্তাবলী:

০১. আবেদনকারীর বার্ষিক আয় (মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা ব্যতীত) ৬০,০০০/= (ষাট হাজার) টাকার নিম্নে হতে হবে।
০২. আবেদনকারীর নিজস্ব কোন বাড়ি-ঘর নেই বা কুড়ে ঘরে থাকেন এমন ব্যক্তি হতে হবে।
০৩. মুক্তিযোদ্ধা হিসাবে অন্যান্য দালিলিক প্রমাণাদি (ভারতীয় তালিকা/লাল মুক্তিবর্তা/ মন্ত্রণালয় প্রকাশিত চূড়ান্ত তালিকা)
০৪. বরাদ্দপ্রাপ্ত আবাসনটি নিজস্ব আবাসন হিসেবে ব্যবহৃত হবে। ইহা কোনভাবেই বিক্রয়/ হস্তান্তর কিংবা অন্য কোন কাজে (দাপ্তরিক/ বানিজ্যিক ইত্যাদি) কাজে ব্যবহার করা যাবে না।
০৫. ইতোপূর্বে যারা আবাসন সুবিধা পেয়েছে তাদের আবেদন করার প্রয়োজন নাই।
০৬. শহীদ ও প্রয়াত মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তানদের একাধিক ওরেশদের ক্ষেত্রে ৩০০/= তিনশত টাকার ননজুডিশিয়াল স্টাম্পে অনাপত্তি পত্র থাকতে হবে।
০৭. অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গন্য হবে।

৭-৩-২০২০

মোঃ আবু মুছা

উপজেলা সমাজসেবা অফিসার

ইমেইল:

usso.chitalmari@dss.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট
- ২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চিতলমারী, বাগেরহাট
- ৩) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট